মেহেরপুর পৌরসভা কার্যালয়

তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III)

নগর সমন্বয় কমিটির (TLCC)'র সভার কার্য বিবরনী

সভার স্থান ঃ পৌরসভা কাঁলাচাদ সভাকক্ষ। সভার তারিখ ঃ ২৩/০৩/২০২২ খ্রিঃ সময় ঃ সকাল ১২.০০ ঘটিকা। সভাপতি ঃ **জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন** মেয়র, মেহেরপুর পৌরসভা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

আলোচ্যসূচী - ১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ

বিগত সভার কার্যবিবরণী পাঠ	কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা	প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে)	সিদ্ধান্ত
১। কার্যবিবরণী পাঠ করেন জনাব, জি এম ওবায়দুল্লাহ , সচিব, মেহেরপুর পৌরসভা	কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয় ও সদস্যদের মধ্যে বিতরণ করা হয়।	কোন সংশোধনীর প্রয়োজন নাই	সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরনী অনুমোদিত হয়।

আলোচ্যসূচী - ২ ঃ UGIIP-III এর আওতায় UGIAP বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

ক্ষেত্র - ১। নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ (Citizen Awareness and Participation)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি	মন্তব্য
১.	TLCC কার্যকর রাখা ও নতুন সদস্য নিয়োগ বিষয়ে আলোচনা।	গত ২৮/১২/২০২১ খ্রীঃ তারিখ ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা অনুষ্ঠিত হয়েছিল । -পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা	আগামী ৩০ জুন ২০২২ এর মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভার আয়োজন করা হবে । - TLCC এর সম্মানিত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য মেয়র মহোদয় সকলকে	মেয়র ও সচিব	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি	মন্তব্য
		হয়। -সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হয়। পৌরসভা আইন, ২০০৯ এর ১১৫ ধারা অনুযায়ী মেহেরপুর পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা করা চলমান রয়েছে। সভায় ৫০ সদস্যের মধ্যে ৪১ জন সদস্য উপস্থিত আছেন। এর মধ্যে নারী সদস্য উপস্থিত ছিলেন ১৪ জন এবং পুরুষ সদস্য উপস্থিত ছিলেন ২৭ জন। মেয়র জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন বলেন সকল সদস্যগণকে উপস্থিত থেকে তাকে সার্বিক ভাবে সহযোগিতা করা জন্য অনুরোধ জানান । তিনি সকল সদস্যগণকে পরবর্তী TLCC সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জনান।	অনুরোধ জানান। -TLCC এর সম্মানিত সদস্যবৃন্দদের নিয়মিত উপস্থিত থাকার জন্য সভায় উপস্থিত সকল সদস্যকে অনুরোধ জানান। -পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে। -সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO প্রেরন করা হবে ।		
২.	WC কার্যকর রাখার বিষয়ে আলোচনা।	অদ্যকার সভায় পৌরসভার সচিব পৌরসভা আইন ২০০৯ এর ১৪ ধারা অনুযায়ী অত্র পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা করার কাজ চলমান রাখা হয়েছে। জানুয়ারী-মার্চ /২০২২ ইং এর ত্রৈমাসিকের WC সভা সম্পন্ন করা হয়েছে এবং কার্যাববরনী তৈরী করা হয়েছে। WC সভা থেকে আগত বিভিন্ন গুরুত্বপূর্ণ সমস্যগুলো সমাধানের জন্য TLCC এর সদস্য দের মধ্যে আলোচনা করেন। তিনি আরও বলেন চলতি কোয়াটারের সভার কার্যবিবরনী ওয়ার্ড কমিটির সদস্য সচিববৃন্দ প্রস্তুত করেছেন এই এই কার্যবিবরনী আগামী ০৫/৪/২০২২ইং তারিখের মধ্যে PMO তে প্রেরন করা হবে।	আগামী ৩০ জুন/২০২২খ্রিঃ এর মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে WC সভার আয়োজন করা হবে । -পরবর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে । সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হবে । বিভিন্ন ওয়র্ডের WC এর সভা থেকে চিহ্নিতসমস্যা সমাধানের জন্য পৌর পরিষদের সভায় আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তী কোয়াটারে WC এর সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করা	সভাপতি/সদস্য সচিব WC	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি	মন্তব্য
			এবং প্রতিটি ওয়ার্ডের নির্দিষ্ট স্থানে মিটিং এর স্থান নির্ধারন করে WC এর সভা ৩০/০৬/২০২২ ইং তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য মেয়র মহোদয় সন্মানীত কাউন্সিলর বৃন্দকে অনুরোধ করেন।		
৩.	নাগরিক সনদ (CC) তৈরী / প্রয়োজনীয় সংশোধন ও পরিবর্তন করা।	-মেহেরপুর পৌরসভা ছাড়াও জনসাধারনের সুবিধার্থে শামসুজ্জোহা পার্কের সামনে, কলেজ মোড়ে ও থানা মোড়ে নাগরিক সনদ প্রদর্শিত আছে। নির্দেশনা অনুযায়ী উহা সংশোধন ও সংযোজন করা হয়েছে। সিটিজেন চার্টার বুকলেট আকারে প্রকাশ করা হয়েছে এবং উহা PMO, মন্ত্রণালয়, সকল পৌরসভা, স্থানীয় গুরুত্বপূর্ণ সকল অফিস এবং বিশিষ্ট্য ব্যাক্তি বর্গকে প্রদান করা হয়েছে। সিটিজেন চার্টার স্থানীয় পত্রিকায় প্রকাশ করা হযেছে।	সভায় TLCC সদস্য জনাব হামিদা বলেন সকলের মতামতের প্রেক্ষিতে পর্যায়ক্রমে পৌরসভার সকল ওয়ার্ডে সিটিজেন চার্টার স্থাপন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	মেয়র	
৪.	তথ্য ও অভিযোগ প্রতিকার সেল কার্যকর রাখা বিষয়ে আলোচনা।	জানুয়ারী - মার্চ/২২ কোয়াটারে ২১ টি লিখিত অভিযোগ পাওয়া গিয়েছে। মৌখিক ১৫ টিসহ সর্বমোট ৩৬ টি অভিযোগ পাওয়া গেছে এবং পুরুষ সংক্রান্ত ২৫ টি মহিলা সংক্রান্ত ১১ টি অভিযোগ পাওয়া গিয়েছে। প্রাপ্ত অভিযোগের মধ্যে সবগুলো অভিযোগই নিস্পত্তি হয়েছে। TLCC এর সদস্য সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পী, কাউন্সিলর বলেন, অভিযোগ বক্সটি বর্তমানে নিয়মিতভাবে খোলা হচ্ছে এবং এই কার্যক্রম সচল রাখার ব্যাপারে দৃষ্টি দেওয়ার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান। যে সকল অভিযোগ পাওয়া গিয়েছে তা যথারীতি নথিভূক্ত করা হয়েছে ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। প্রাপ্ত অভিযোগ সমুহ কমিটির মাধ্যমে নিস্পত্তি করা হয়েছে	বর্তমান তথ্য ও অভিযোগ সেলের প্রথম সভার সিদ্ধান্ত মোতাবেক প্রতি সপ্তাহের বৃহস্পতিবার Grievance Redress Cell (GRC) এর সভাপতি ও একজন TLCC এর সদস্যের উপস্থিতিতে অভিযোগ বক্সটি নিয়মিতভাবে খোলা হচ্ছে।	মেয়র, গণযোগাযোগ সেলের সভাপতিও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
		এবং কার্যক্রম চলমান রাখা হবে। সকল অভিযোগ নিস্পত্তির সময় উভয় পক্ষকে নোটিশের মাধ্যমে উপস্থিত রাখা এবং সিদ্ধান্ত লিখিত ভাবে উভয় পক্ষকে অবহিত করা হয়েছে । প্রাপ্ত অভিযোগ/সমাধানকৃত অভিযোগসমুহের বিবরণ TLCC এর সভায় আলোচনা করা হলো।			

ক্ষেত্র - ২ । নগর পরিকল্পনা (Urban Planning)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
৫.	উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রন বিষয়ে আলোচনা।	ত্রৈ-মাসিক ভিত্তিতে নগর পরিকল্পনা ইউনিটের পূর্বের সভায় সিদ্ধান্ত গৃহিত সকল সিদ্ধান্ত সঠিক ভাবে বাস্তবায়িত হয়েছে কিনা সে বিষয়ে সভায় আলোচনা হয়। গত কোয়ার্টারে যে সকল ভবন অনুমোদন হয়েছে এই কাজগুলি সঠিকভাবে তদারকির বিষয়ে আলোচনা হয়। নগর পরিকল্পনা ইউনিটের ত্রৈমাসিক সভায় ভবন নির্মান অনুমোদন, তদারকি করা, ঝুঁকিপুর্ণ ভবন চিহ্নিতকরন, খাস জমি, নদীনালার অবৈধ ভরাট, ভবন মালিকদের নির্মান সমাপনী প্রতিবেদন নেওয়ার বিষয়ে আলোচনা হয়। পৌরসভার সহকারী প্রকৌশলী জানান যে জানুয়ারী মার্চ /২০২২ কোয়ার্টারে প্লানের জন্য আবেদন পাওয়া যায় ৫৭ টি , তার মধ্যে ৪৪ টি বাড়ীর প্লান অনুমোদন দেওয়া হয়েছে। বাড়ী নির্মানকারীগন যাতে সঠিকভাবে পৌরসভা হতে অনুমোদনকৃত ডিজাইন মোতাবেক বাড়ী নির্মান করেন সে ব্যপারে পৌরসভার তৎপরতা বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে TLCC র সদস্য ও ৬ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ শাহিনুর রহমান বলেন পৌরসভার উন্নয়ন কার্যক্রম তদারকি করার জন্য TLCC সদস্যদের দায়িত্ব পালন করতে হবে। তারা পৌরসভার উন্নয়নের কাজের অংশ হিসাবে এ দায়িত্ব পালন করবেন। তার এই প্রস্তাবের প্রেক্ষিতে অবকাঠামো কাজের মান ঠিক রাখার জন্য মেয়র মহোদয় TLCC সকল সদস্যদের উন্নয়ন	নগর পরিকল্পনা ইউনিটের ত্রৈমাসিক সভায় ভবন নির্মান অনুমোদন, তদারকি করা, ঝুঁকিপুর্ণ ভবন চিহ্নিতকরন, খাস জমি, নদীনালার অবৈধ ভরাট, ভবন মালিকদের নির্মান সমাপনী প্রতিবেদন নেওয়ার বিষয়ে, উন্নয়ন মূলক কাজ নিয়মিতভাবে তত্ত্বাবধান ও তদারকীর কাজ অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র, সহকারী প্রকৌশলী ও নক্সাকার।	

		কাজ তদারকী করার জন্য বিশেষভাবে অনুরোধ জানান। ভবন নির্মান অনুমোদন সহ ভৌত কাজের গুনগত মান যাতে সঠিক থাকে এ ব্যপারে মেয়র মহোদয় পৌরসভার সহকারী প্রকৌশলী সহ TLCC সকল সদস্যদের বিশেষভাবে অনুরোধ করেন। উন্নয়ন মূলক কাজ নিয়মিতভাবে তত্ত্বাবধান ও তদারকীর কাজ অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।			
৬.	বাজেট বরাদ্দ সহ বার্ষিক O&M পরিকল্পনা প্রণয়ন বিষয়ে আলোচনা।	কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২১-২০২২ অর্থ বছরে O&M খাতে মোট বরাদ্দ= ৪৭,৪৮,৬২৫/-টাকা। O&M কর্মপরিকল্পনার আওতায় পাঁকা রাস্তা মেরামত ও সংস্কার, কাঁচা রাস্তা মেরামত ও সংস্কার, ড্রেন মেরামত ও সংস্কার, অফিস সরঞ্জামাদি, পাম্প স্টেশন, জালানী, যানবাহন ইত্যাদি বাবদ এই অর্থ ব্যয় করা হবে। চলতি কোয়াটারে ড্রেনের উপর স্লাব , ড্রেন সংস্কার সহ বেশ কিছু উন্নয়ন কার্যক্রম করা হয়েছে । ২০২১-২০২২ কোয়াটারে O&M খাতে ৩য় কোয়াটারে ব্যয় হয়েছে = ১১,৭৯,৮০০/- টাকা।	২০২১-২০২২ অর্থবছরের O&M বাজেট অনুসারে সকল উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। সেই মোতাবেক মেয়র মহোদয় নির্বাহী প্রকৌশলীকে কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ করার অনুরোধ করেন।	সহকারী প্রকৌশলী	

ক্ষেত্র ৩। নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তিকরণ (Equity and Inclusiveness of Women and Urban Poor)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি	মন্তব্য

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি	মন্তব্য
৭.	জেন্ডার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)	- - GAP বাস্তবায়নের জন্য বার্ষিক বাজেট ২০২১-২০২২ অর্থ বছরে ৫% বেশী ধরে মোট ১৩,৩৩,৫০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। জানুয়ারী - মার্চ/২০২২ ইং কোয়ার্টারে GAP বাস্তায়নের জন্য পৌর তহবিল ও প্রকল্পের সহায়তায় নারীদের কম্পিউটার প্রশিক্ষণ, উঠান বৈঠক, মহিলা শ্রমিক নিয়োগ করে প্রকল্পের অবকাঠামো নির্মাণ, শ্রমিকদের বিশেষ করে মহিলা শ্রমিকদের বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। মেহেরপুর পৌরসভার দারিদ্র ও অসহায় নারীদের স্বাবলম্বী করতে অর্থিক সহায়তা প্রদানের বিষয়ে আলোচনা হয়। এছাড়া করোনা ভাইরাস এর জন্য সরকারের সহযোগিতায় কোভিড-১৯ গণটিকার কার্যক্রম অত্র পৌরসভায় সফল ভাবে বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। মেহেরপুর পৌরসভার গড় পুকুরটি নারীদের ব্যবহারের জন্য উপযোগী করণের জন্য অলোচনা হয়। এছাড়া ৮ মার্চ বিশ্ব নারী দিবসের কার্যক্রম যথাযথ ভাবে পালন করতে পারায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা নিয়মিত আয়োজন করা হয় এবং সভার কার্যবিবরনী তৈরী করে সদস্যদের মাঝে বিতরন করার কাজ চলমান রাখা। -তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্পে নির্মান কাজে নারী শ্রমিকের অংশগ্রহন নিশ্চিত করা সহ সমস্ত শ্রমিকদের বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান ও করোনা থেকে বাচতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা অব্যাহত রাখা। নারী পুরুষ সকলেই সমকাজে সমমজুরী নিশ্চিত করা হবে। - GAP বাস্তবায়নের মাসিক/ ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন প্রস্তুতপূর্বক নিয়মিত PMO'তে প্রেরণের কাজ চলমান রাখা। - GAP বাস্তবায়নের মেহেরপুর পৌরসভায় বার্ষিক রাজস্ব বাজেট ২০২১-২০২২ অর্থ বছরের বাজেটের ত্রৈমাসিক বরাদ্দ সমূহ সঠিক ভাবে ব্যয় করা। -স্বাস্থ্য বিধি মেনে নিয়মিত উঠান বৈঠক অনুষ্ঠিত হবে এবং উঠান বৈঠকে নারীদের ও শিশুদের বিভিন্ন সামাজিক সমস্যা নিয়ে আলোচনা করা। এছাড়া করোনা ভাইরাস মোকাবেলায় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা। নারী ও শিশুদের মধ্যে প্রয়োজনীয় মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার বিতরন করা হবে। গরিব ও অসহায় নারীদের আর্থিক সাহায্যের পাশাপাশি করোনাকালীন খাদ্য সাহায্য দেওয়া হবে। করোনার গণটিকা সরকারী বিধি অনুসারে পৌরসভার মাধ্যমে বাস্তবায়ন করা হবে। টিকাপ্রদানের ক্ষেত্রে নারীদের সকল সুযোগ সুবিধা যেমন, নারীদের জন্য আলাদা বুথ, পর্দার ব্যবস্থা, নারী টিকাদান কর্মী নিয়োগ সহ তাদের বিশ্রামের ব্যবস্থা করা ইত্যদি বজায় রাখা।	বস্তি উন্নয়ন কর্মকর্তা ও সাচিবিক দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা এবং পৌর পরিষদ।	
৮.	দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও	দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে দরিদ্র হ্রাসকরন কর্মপরিকল্পনার রুপরেখা বাস্তবায়নের জন্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক	- দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা - দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা নিয়মিত করা হবে এবং সভার কার্যবিবরনী তৈরী করা হয়। সেই সাথে	- বস্তি উন্নয়ন কর্মকর্তা ও সকল এস আইসির চেয়ার পার্সন এবং	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি	মন্তব্য
	বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)	অতিরিক্ত স্থায়ী কমিটির মাসিক সভা নিয়মিত করা হচ্ছে। দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সাচিবিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব খোন্দকার জাহিদুল হক বলেন, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্পের আওতায় দরিদ্র হ্রাসকরন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রকল্প অফিস থেকে অনুমোদন পাওয়া ৬টি বস্তিতে ১ম ও ২য় পর্যায়ের ভৌত অবকাঠামো উন্নয়নের কাজ শেষ হয়েছে এবং এর বিল ভাউচার ও এমবি প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছে। উক্ত কাজের ভ্যাট এবং আইটি সরকারী কোষাগারে জমা পূর্বক সমন্বয় করা হয়েছে। ৩য় ও শেষ পর্যায়ের কাজ ইতি মধ্যে শুরু হয়েছে। এছাড়া ৮১টি পায়খানার কাজ ৭৫% শেষ হয়েছে। ফুটপাথ ও ড্রেন, ষ্টিট লাইট, টিউবওয়েল এর কাজ ইতি মধ্যে সম্পুর্ণ শেষ হয়েছে। আশা করা যায় আগামী ২/১ মাসের মধ্যে সম্পুর্ণ কাজ শেষ হবে।	অনুমোদিত বস্তিতে গঠিত বস্তি উন্নয়ন কমিটির সভা নিয়মিত করা হবে এবং সভার রেজুলেশন সঠিক সময়ে লিপিবদ্ধ হবে। - বস্তি উন্নয়ন কার্যক্রমের আওতায় পূর্তকাজ চলছে। ইতি মধ্যে ড্রেন, ফুট পাথ, ষ্টিট লাইট ও টিউবওয়েলের কাজ শেষ হয়েছে। এছাড়া পায়খানার কাজ চলমান আছে। বাকি কাজ গুলি দ্রুততার সাথে শেষ করার জন্য সভায় সিদ্ধান্ত নেওয়া হয়। - মেহেরপুর পৌরসভার বিভিন্ন দারিদ্র এলাকায় অনুমোদন পাওয়া ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়নের কাজ ইতি মধ্যে ১ম ও ২য় কিস্তির শেষ হয়েছে। টিএলসিসির প্রতিটি সদস্যকে বস্তি উন্নয়নের কাজ দেখা ও মতামত প্রদানের জন্য সিদ্ধান্ত হয়। কাজের গুনগত মান দেখার জন্য সকলকে অবগত করানো হয়। আগামী কোয়াটারের মধ্যে বাকি সমস্ত কাজ যাতে শেষ করা যায় সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয় । ৩য় কিস্তির অর্থ পেলেই বাকি কাজ শেষ করা হবে এবং বিল ভাউচার দ্রুততার সহিত সমন্বয়ের পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সদস্য সচিব সহ এস আইসির সকল	
৯.	PRAP কার্যক্রম বাস্তবায়নের জন্য মেহেরপুর পৌরসভায় চলতি অর্থ বছরের জন্য কর্ম পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন।	PMO হতে নির্দেশনা অনুযায়ী PRAP কার্যক্রম বাস্তবায়নের জন্য মেহেরপুর পৌরসভায় ২০২১-২২ অর্থ বছরের জন্য ৩৩,৩৩,০০০.০০ টাকার বাজেট প্রনয়ন করা হয়েছে। এই বাজেট ত্রৈমাসিক ভিত্তিতে বিভাজন পূর্বক একটি কর্ম পরিকল্পনা ইতি মধ্যে স্থায়ী কমিটির অনুমোদন ক্রমে PMOতে প্রেরণ করা হয়েছে। চলতি কোয়াটারে PRAP কার্যক্রম বাস্তবায়নে ৬,০৯,০০০.০০ টাকা খরচ করা হয়েছে। আশা করা যায় কর্ম পরিকল্পনা অনুযায়ী মেহেরপুর পৌরসভাতে আগামীতে PRAP কার্যক্রম বাস্তবায়ন হবে।	পৌর এলাকার ৬টি বস্তিতে উন্নয়নমূলক কাজ করার জন্য প্রকল্পের নির্দেশনা মোতাবেক ইতি মধ্যে অনুমোদিত ৬টি বস্তিতে অবকাঠামো উন্নয়নের কাজের ১ম ও ২য় কিস্তির কাজ শেষ হয়েছে। ৩য় ও শেষ পর্যায়ের কাজ শুরু হয়েছে। আগামী ২/১ মাসের মধ্যে বস্তির বাকি কাজগুলি সম্পন্ন করে PMO রিপোর্ট পেশ করার সিদ্ধান্ত গৃহিত হয়। বস্তিতে বস্তি উন্নয়ন কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে সম্পন্ন করতে সংশ্লিষ্ঠ কাউন্সিল গণকে নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত হয়। ২০২১-২২ অর্থ বছরের জন্য বাজেট কর্মপরিকল্পনা অনুযায়ী শত ভাগ খরচ করার সিদ্ধান্ত গ্রহিত হয়। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত ন্যায্যমূল্যে টিসিবি মালমাল বিতরণের কার্ড যথাযথ ভাবে বিতরণের সিদ্ধান্ত।	পৌর পরিষদ, বস্তি উন্নয়ন কর্মকর্তা ও স্থায়ী কমিটির সকল সদস্য।	দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা।

ক্ষেত্র - ৪। স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি	মন্তব্য
১০.	হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ বিষয়ে আলোচনা।	পৌরসভাকে আর্থিকভাবে স্বচ্ছল করার জন্য হোল্ডিং ট্যাক্স আদায় সন্তোষজন হাওয়া বাধ্যতামূলক। সভায় হোল্ডিং ট্যাক্স আদায় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ৩য় কোয়ার্টারের চলতি দাবীর পরিমান = ২,৭৫, ১৩, ৯৩০/-টাকা। চলতি কোয়ার্টারে ৩৭,৪৫,৪৪২/- আদায় হয়েছে।	মেহেরপুর পৌরসভায় ২০২১-২২ অর্থ বছরের ৩য় কোয়াটারের আদায় সন্তোষজনক এবং আগামী জুন-২০২২ এর মধ্যে লক্ষমাত্রা আদায়ের সিদ্ধান্ত গৃহিত হয়। সভার সম্মানিত সভাপতি ও মেয়র চলতি অর্থ বছরে আদায়ের লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় জোরদার করার জন্য পৌর পরিষদ এবং TLCC এর সকল সদস্যদেরকে তাদের উপর অর্পিত দায়ীত্ব যথাযথভাবে পালন করার জন্য অনুরোধ জানান। সভার সম্মানিত সভাপতি ও মেয়র মহোদয় আরও বলেন, কর শাখার সকল আদায়কারীকে চলমান ২০২১-২২ অর্থবছরের কর্মপরিকল্পনা তৈরী করে কর্মপরিকল্পনা অনুযায়ী পৌর কর আদায়ের কার্যক্রম চালানোর জন্য নির্দেশ দেন। সভায় কর আদায়ের অগ্রগতি প্রতি সপ্তাহের বৃহস্পতিবার প্রধান নির্বাহী কর্মকর্তার মাধ্যমে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব ও ট্যাক্স শাখা	
১১.	পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ বিষয়ে আলোচনা।	মেহেরপুর পৌরসভার ৪৫০টি নিজস্ব দোকান ঘর আছে। চলতি ২০২১-২০২২ অর্থ বছরে বকেয়া ও চলতি সহ নিজস্ব দোকান ঘর ভাড়া বাবদ মোট দাবী =৩৮,১৮,৮৬৫/- টাকা। জানুয়ারী-মার্চ/২০২২ কোয়াটারে আদায় হয়েছে ৫,০০,৭৯০/-টাকা। ২০২১-২০২২ অর্থ বছরে ট্রেড লাইসেন্সে মোট দাবী = ২৯,৯৬,১১০/- টাকা। জানুয়ারী-মার্চ/২০২২ ট্রেড	পৌরসভার নিজস্ব দোকানের ভাড়া ও অন্যান্য আদায় বৃদ্ধির জন্য মেয়র মহোদয় সচিব সাহেবকে কমিটি গঠনের নির্দেশ দেন এবং আদায় কাজের অগ্রগতির প্রতিবেদন পরবর্তী টিএলসিসি সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব/হিসাব শাখা/ সাধারন শাখা/লাইসেন্স শাখা	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি	মন্তব্য
		লাইসেন্সের সংখ্যা ৫০১ টি। জানুয়ারী-মার্চ/২০২২ কোয়াটারে আদায় =৬,১৮,২৫০/= টাকা। জানুয়ারী-মার্চ/২০২২ কোয়ার্টারে ০১টি বিশুদ্ধ খাদ্য লাইসেন্স প্রদান করা হয়েছে। বিশুদ্ধ খাদ্য লাইসেন্স বাবদ চলতি কোয়ার্টারে আদায় হয়েছে =৫০০/-টাকা। চলতি কোয়ার্টারে অযান্ত্রিক যানবাহনের লাইসেন্স প্রদান করা হয়েছে ৪১৬ টি এবং মোট আদায় হয়েছে =৩,৭৩,২৩৯/- টাকা। ঠিকাদারী টেন্ড্র লাইসেন্স চলতি কোয়ার্টারে ৫টি ট্রেড লাইসেন্স প্রদান করা হয়েছে এবং ট্রেড লাইসেন্স বাবদ আদায় =৯৫০০/- টাকা। সর্বমোট ৯২৩ টি ট্রেড লাইসেন্স প্রদান করা হয়েছে সর্বমোট আদায়কৃত টাকার পরিমান ১০,০১,৪৮৯/=। আগামী অর্থ বছরে কর-বহির্ভুত রাজস্ব আদায় বৃদ্ধির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।			
১২.	কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন বিষয়ে আলোচনা।	মেহেরপুর পৌরসভার কম্পিউটারাইজড হোল্ডিং ট্যাক্স বিল জারির কার্যক্রম চলমান আছে এবং গ্রাহকের বাড়ি বাড়ি বিল যথাসময়ে পৌঁছানোর কাজও চলমান আছে। -মাসিক ভিত্তিতে ট্যাক্স প্রতিবেদন প্রস্তুত করে মেয়র মহোয়ের নিকট উপস্থাপন ও PMO তে প্রেরন বিষয়ে সভায় আলোচনা কর হয়।	কম্পিউটারাইজড হোল্ডিং ট্যাক্স বিল জারির কার্যক্রম চলমান রয়েছে। ৪র্থ কিস্তির বিল প্রিন্ট করে গ্রাহকের বাড়ি বাড়ি যথা সময়ে বিল পৌছে দেওয়ার হয়েছে। TLCC এর সম্মানিত সদস্য ও পৌর কাউন্সিলর ও কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভাপতি জনাব সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পি পৌর কর আদায়ের হার যাতে ৯৫% এর উপরে হয় এবং এই ধারা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট কর আদায়কারী কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির সকল সদস্যদের বিষেশভাবে অনুরোধ জানান। কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থার প্রবর্তণ এবং কম্পিউটারে বিল প্রস্তুত করার কাজ চলমান থাকবে।	এ্যাসেসর, **কর আদায়কারী ও সহকারী কর আদায়কারীবৃন্দ।**	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি	মন্তব্য
			নতুন রেট অনুযায়ী কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত হয়। প্রতি কোয়ার্টারে কম্পিউটারাইজড বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট উক্ত বিল প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। কম্পিউটারাইজড বিল প্রিন্টের কপি প্রকল্প সদর দপ্তরে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। বাৎসরিক কর্মপরিকল্পনা করে কর আদায় বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।		
১৩.	পানির বিল নির্ধারণ ও সংগ্রহ বিষয়ে আলোচনা।	পানির বিল আদায় বৃদ্ধির লক্ষ্যে মাইকিং, প্রচারণা করাসহ TLCC ও WC এর সভায় নিয়মিত আলোচনা করার সিদ্ধান্ত নেওয়া হয়। পানির বিল পরিশোধ না করলে পানির সংযোগ বিচ্ছিন্ন করণসহ সকল ধরণের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এই ধারা অব্যহত থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। -প্রতি ৩ মাস অন্তর অন্তর অগ্রগতি পর্যালোচনা করে প্রতিবেদন তৈরী করে মেয়র এর নিকট উপস্থাপন ও PMO তে প্রেরণ করা হয়।।	মেহেরপুর পৌরসভায় ২০২১-২০২২ অর্থ বছরের ২য় কোয়ার্টারের পানি শাখার চলতি ও বকেয়া সহ মোট দাবীর পরিমান = ৬১,৬৩,২২৪/-টাকা। যার মধ্যে বকেয়া আদায়= ৩১,৬০,৪৯৯/- এবং চলতি= ২২,৫২,২৭৮/-টাকা। চলতি জানুয়ারী-মার্চ/২০২২ কোয়াটারে আদায় = ২২০৪৯৫০/-টাকা। আদায়ের হার হার ৬৯.২৫%। পানির বিল আদায় অব্যহত রাখার জন্য মাইকিং করা, টিম গঠন করে পানির বিল আদায় বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় আলোচনা করা হয়। পানি সরবরাহ শাখার পানি সুপার জনাব মোঃ মাসুদ রানা বলেন সংযোগ বিচ্ছিন্নসহ গ্রাহকদের নিকট থেকে বকেয়া আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভাকে অনুরোধ জানান। বকেয়া পানির বিল আদায় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে বকেয়া পানির বিল আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ভারপ্রাপ্ত পানি সুপারকে অনুরোধ করা হয়।	**নির্বাহী প্রকৌশলী** ,ওয়াটার সুপার ও বিল ক্লার্ক	

৫। আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা (Financial Management, Accountability and Sustainability)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
১৪.	কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের প্রশিক্ষন/ অরিয়েন্টেশনের ব্যবস্হা গ্রহন এবং রাজস্ব আয় বৃদ্ধির পরিকল্পনা সম্পর্কে আলোচনা।	১। অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সাহেব মেহেরপুর পৌরসভার কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষন/অরিয়েন্টেশনের গুরুত্ব অপরিসিম। বিধায় সকল কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষন গ্রহনের জন্য নিয়ামক কর্তৃপক্ষ ও প্রকল্প পরিচালক ইইজিআইআইপি-৩ এর মাধ্যমে প্রশিক্ষন/অরিয়েন্টেশন গ্রহনের জন্য অনুরোধ জানানো হয়।	১। পৌরসভার কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষন/অরিয়েন্টেশনের জন্য নিয়ামক কর্তৃপক্ষ ও প্রকল্প পরিচালক UGIIP-III এর মাধ্যমে প্রশিক্ষন/অরিয়েন্টেশন গ্রহনের জন্য অনুরোধ জানানো হয়।	মেয়র,মেহেরপুর পৌরসভা।	
১৫.	২০১৯-২০ অর্থ বছরের আভ্যন্তরীন নিরীক্ষা অগ্রগতি সম্পর্কে পর্যালোচনা।	২০১৯-২০২০ অর্থ বছরের রাজস্ব আদায় হার সন্তোষ প্রকাশ করতঃ আগামী ২০২০-২১ র্অথ বছরে অভ্যন্তরীন নিরীক্ষায় ৭টি আপিত্ত উপখাপিত হয়েছে। আপত্তি সমূহ দ্রুত মিমাংশা করার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করা হলো। এছাড়াও পৌরসভার সকল রাজস্ব আদায় বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে মেয়র মহোদয়কে অনুরোধ জানানো হয়।	সভাপতি সাহেব মেয়র মহোদয়ের সাথে আলোচনা ক্রমে সকল অডিট আপত্তি নিস্পত্তি ও পৌরসভার যাবতীয় রাজস্ব আদায় বৃদ্ধির কার্যকরি পদক্ষেপ গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	মেয়র/সচিব/হিসাব রক্ষণ কর্মকর্তা , মেহেরপুর পৌরসভা।	
১৬.	কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন বিষয়ে আলোচনা।	কম্পিউটারাইজড হিসাব ব্যবস্থা চলমান রাখা হয়েছে । জানুয়ারী মার্চ /২০২২ ইং মাসের Receipts & Payments Posting সম্পন্ন করে হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন এবং PMO তে প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। Receipts & Payments Posting	প্রতি মাসের শেষে Receipts & Payments Posting সম্পন্ন করে হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করা এবং আগামী প্রতিবেদন ০৫/০৪/২০২২ ইং তারিখের মধ্যে PMO তে প্রেরণ করার কাজ চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	**হিসাব রক্ষণ কর্মকর্তা**	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
		সম্পন্ন করে হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করা হয়েছে এবং ০৫/০৪/২০২২ ইং তারিখের মধ্যে PMO তে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।			
১৭.	বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ বিষয়ে আলোচনা।	বিদ্যুৎ ও টেলিফোন বিলসমুহ পরিশোধ করার জন্য ২০২১-২০২২ অর্থ বছরে বিদ্যুত বিলের =১,১০,০০,০০০/- টাকা ও টেলিফোন বাবদ বাজেটে =১২০০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। চলতি কোয়াটারে হাল বকেয়াসহ মোট = ১০০৫৯১৫৮/- টাকার বিদ্যুৎ বিল পাওয়া গেছে এবং টেলিফোন বিল পাওয়া গেছে = ৬৪৯৫/- টাকা। টেলিফোন বিল ইতিমধ্যে পরিশোধ করা হয়েছে এবং বিদ্যুৎ বিল ১৯,২৫,৮৪৪/- টাকা পরিশোধ করা হয়েছে। (নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো মেহেরপুরের সাথে হাল ও বকেয়া বিদ্যুৎ বিল ৪ কিস্তিতে পরিশোধের চুক্তি হয়)। অবশিষ্ট বকেয়া বিদ্যুৎ বিল চুক্তি অনুযায়ী পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সভায় সর্ব সম্মতিক্রমে বিদ্যুৎ বিল নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো মেহেরপুরের সাথে হাল ও বকেয়া বিদ্যুৎ বিল ৪ কিস্তিতে পরিশোধের চুক্তি হয়। চুক্তি মোতাবেক বিল পরিশোধের জন্য মেয়র মহোদয়কে অত্র সভায় অনুরোধ করেন।	মেয়র ,সচিব, হিসাব রক্ষণ কর্মকর্তা	
১৮	স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন বিষয়ে আলোচনা।	স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা হলো।	ইতোমধ্যে পৌরসভার স্থায়ী সম্পদের হালনাগাদ করা হয়েছে। হালনাগাদ তথ্যাদিতে পৌরসভার ভূ-সম্পত্তি, ভবনাদি, যানবাহন, পানি সরবরাহ শাখার সম্পদসহ পৌরসভার রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট ও ড্রেনের তথ্যাদি সংযোজন করা হয়েছে। এ ধারা অব্যাহত থাকবে। স্থায়ী সম্পদের অবচয় হিসাব খোলা হয়েছে। হিসাব নং-পূর্বালী ব্যাংক চলতি হিসাব নং-২৯২৭-১। সভায় স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং অবচয় হিসাব সঠিক ভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়।	মেয়র, সচিব, হিসাব রক্ষণ কর্মকর্তা	
১৯.	সকল সরকারি ঋণ পরিশোধ বিষয়ে	**BMDF** নিকট থেকে = ১,০৯,৪৬,৫১৫/- টাকা ঋণ গ্রহণ করা হয়েছিল। যার বিপরিতে	প্রকল্পের শর্ত মোতাবেক চলতি অর্থ বছরের মধ্যেই **BMDF** এর ঋণ পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র, সচিব, হিসাব রক্ষণ কর্মকর্তা	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
	আলোচনা।	=১,০৪,৪২,২১৫/- টাকা পরিশোধ করা হয়েছে। বকেয়া আছে=৫,০৪,২৪০/-টাকা। ২০২১-২২ অর্থ বছরের মধ্যে উক্ত বকেয়া টাকা পরিশোধের ব্যাপারে সিদ্ধান্ত গৃহিত হয়।			

ক্ষেত্র ৬। প্রশাসনিক স্বচ্ছতা (Administrative Transparency).

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
২০.	স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)	৩০ মার্চ /২০২২ তারিখের মধ্যে সকল স্থায়ী কমিটির সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত হয়েছে । অত্র পৌরসভার ১২টি স্থায়ী কমিটি আছে। উক্ত স্থায়ী কমিটি সকল সভা যথা সময়ে অনুষ্ঠিত হয়েছে। আগামী ৩০ জুন- ২০২২ তারিখের মধ্যে সকল স্থায়ী কমিটির সভা যথা সময়ে করার ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়।	অত্র পৌরসভায় ১২ টি স্থায়ী কমিটি আছে। উক্ত স্থায়ী কমিটির ৩০ মার্চ /২০২২ ইং মাসের সকল সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত হয়েছে। আগামী কোয়াটারে অর্থাৎ ৩০ জুন/-২০২২ এর আগে সকল স্থায়ী কমিটির সভা করার জন্য মেয়র মহোদয় সকল স্থায়ী কমিটির সভাপতিকে অনুরোধ জানান।	সকল স্থায়ী কমিটির সভাপতি	
২১.	সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/IT ব্যবহার বিষয়ে আলোচনা।	২০০৯খ্রিঃ হতে মেহেরপুর পৌরসভায় ট্রেড লাইসেন্স , পানির বিল, পৌর কর, হিসাবরক্ষণ ব্যবস্থাপনা সফটওয়ার পুরো-পুরি চালু রয়েছে। পৌরসভার যাবতীয়	এই কার্যক্রমের আওতায় কম্পিউটারাইজড একাউন্টিং সফটওয়ার চলমান আছে। চলতি মাসেই নতুন সফটওয়ার ব্যবহারের উপর প্রশিক্ষণ প্রদান করে এই সেবা সমূহগুলো আরো গতিশীল করা হবে। মেহেরপুর পৌরসভার ওয়েবসাইট খোলা আছে যার ঠিকানা www.meherpurmunicipality.com যে কেউ চাইলেই পৌর ওয়েব সাইটে প্রবেশ করে বিভিন্ন তথ্য জানতে পারবেন সে সব বিষয়ে সহজীকরন করা	মেয়র, ও পৌরসভা ডিজিটাল সেন্টার।	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
		গুরুত্বপূর্ণ তথ্য ওয়েবসাইটে প্রত্যাহ হালনাগাদ করার জন্য পৌর ডিজিটাল সেন্টার উদ্যোক্তা জনাব মোঃ সানোয়ার হাসান'কে দায়িত্ব দেয়া হয়। জন্ম-মৃত্য সনদ কম্পিউটারে রেকর্ড রাখা এবং অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	হবে । এ ব্যাপারে সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া সফটওয়ার ব্যবহারের উপর প্রশিক্ষণ প্রদান করে এই সেবা সমূহগুলো আরো গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।		

ক্ষেত্র ৭। পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা (Keeping Essential Pourashava Services Functional)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
২২.	বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা।	২০২১-২২ অর্থ বছরে মেহেরপুর পৌরসভার বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ কর্ম-পরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত হয়েছে। টিএলসিটি সদস্য জনাব লৎফুন নাহার লতা, ৭ নং ওয়ার্ডে নুরুল ইসলাম রাজিব, কাউন্সিলর এর বাড়ীর পাশে ময়লা আবর্জনা পরিষ্কারের জন্য আরও বেশী জনবল নিয়ে কার্যক্রম আরও জোরদার করার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করেন। এই বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সকলে তার এই সিদ্ধান্তকে স্বাগত জানান। পাইলট প্রকল্প হিসাবে অত্র পৌরসভার ৭ নং ওয়ার্ড কে নির্বাচন করে কার্যক্রম শুরু করা হয়েছে। বর্জ্য অপসারনের ক্ষেত্রে মেহেরপুর পৌরসভায় নিয়মিত বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনার জন্য ২০২১-২২অর্থ	মেহেরপুর পৌরসভার ২০২১-২২ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বর্জ্য ব্যবস্থাপনার এ ধারা অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হলো।	মেয়র , সচিব, সহকারী প্রকৌশলী ও কঞ্জারভেন্সী ইন্সেপেক্টর।	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
		বছরে মোট বরাদ্দ =৬৪,৫০,০০০/-টাকা। জানুয়ারী মার্চ /২০২২ ইং কোয়ার্টারে ব্যয় হয়েছে = ১৬,১২,৮০০/-। বাজেট সঠিকভঅবে ব্যয় হয়েছে এবং বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। TLCC-র অধিকাংশ সদস্য বর্তমানে বর্জ্য সংগ্রহ ও অপসারণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।			
২৩.	ড্রেন পরিস্কার ও রক্ষণবেক্ষণ বিষয়ে আলোচনা।	ড্রেন পরিস্কার ও রক্ষনাবেক্ষনের জন্য মেহেরপুর পৌরসভার ২০২০-২১ অর্থ বছরে বাজেট = ৪৬,২১,০০০/- টাকা। বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ড্রেন পরিস্কার ও রক্ষনাবেক্ষনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হলো। এ কাজে সকলে সন্তোষ্টি প্রকাশচ করেন এ ধারা অব্যাহত রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় আগামী অর্থ বছরের জন্য একটি কর্ম-পরিকল্পনা প্রন্নয়ন বিষয়ে আলোচনা হয়। TLCC অধিকাংশ সদস্য বর্তমানে ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন। TLCC সদস্য ও কাউন্সিলর জনাব সাকিল রাব্বি পৌরসভার ড্রেন পরিস্কার পরিচ্চনের ব্যাপারে সন্তোাষ্টি প্রকাশ করেন । সেই সাথে তিনি ড্রেনের সাথে যাদের সুয়ারেজ লাইন আছে সেই সকল লাইন অপসারনের জন্য মেয়র মহোদয়কে বিশেষভাবে অনুরোধ জানান। মেয়র মহোদয় এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন বলে সভাকে অব্যাহিত করেন। ২০২১-২২ অর্থ বছরের জানুয়ারী মার্চ / ২০২২ কোয়াটারে ব্যয় হয়েছে=১১,৬৬,৫০০/- টাকা ।	চলতি বছরে পৌরসভার ড্রেন ভাল ভাবে পরিস্কার করা হয়েছে। যার কারনে এ বছর বৃষ্টি হলেও শহরের কোথাও পানি জমে থাকতে দেখা যায়নি। কিছু সমস্যার জন্য পৌরসভার যে সকল ড্রেন এখনও পরিস্কার হয়নি সেগুলো পরিস্কার করতে হবে। ড্রেন পরিস্কার পরিচ্ছন্ন করার জন্য একটি কর্মপরিকল্পনা করার জন্য মেয়র মহোদয পৌরসভার সহকারী প্রকৌশলীকে নির্দেশ দেন এবং সেই কর্ম পরিকল্পনা অনুযায়ী দ্রুত ড্রেন পরিস্কার করার সিদ্ধান্ত গৃহিত হয়।	মেয়র ও সচিব, নির্বাহী প্রকৌশলী ও কঞ্জারভেন্সী ইন্সেপেক্টর।	
২৪.	সড়ক বাতি কার্যকর রাখার বিষয়ে আলোচনা।	শতভাগ সড়ক বাতি নিশ্চিত করণে চলতি ২০২১-২২ অর্থ বছরে মোট = ৬৫,৭০,০০০/- টাকা বাজেট রাখা হয়েছে। বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। চলতি বছরে চাহিদা মোতাবেক প্রয়োজনীয় বৈদ্যুতিক সরঞ্জামাদি ও মালামাল ক্রয় করা হয়েছে। বাতি পরিদর্শকের	বর্তমানে পৌরসভায় ৯৭.৫০ ভাগ এলাকায় বিদ্যুৎ লাইন কার্যকর আছে। বাকি এলাকাতেও পর্যায় ক্রমে সড়ক বাতি কার্যক্রর করা হবে। TLCC অধিকাংস্য সদস্য বর্তমানে সড়ক বাতি কার্যকর রাখার	মেয়র, সচিব ও সহকারী প্রকৌশলী	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
		রিপোর্টি অনুযায়ী স্থাপিত সড়ক বাতিগুলো সচল আছে। পৌরসভার ১০০% সড়ক বাতি কার্যকর রাখার নিমিত্তে ২০২১-২২ অর্থ বছরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে। জানুয়ারী - মার্চ / ২০২২ কোয়াটারে সড়ক বাতি সচল রাখার জন্য ব্যয় হয়েছে = ১৬,৪০,০০০/-টাকা্ ।	ব্যবস্থা কাজে পৌরসভার প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।		
২৫.	অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team কার্যকারি করণ বিষয়ে আলোচনা।	অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team এর কর্ম পরিকল্পনা মোতাবেক প্রকৌশল বিভাগ কর্তৃক সরেজমিনে নিয়মিত পরিদর্শন করে যাবতীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team এর কর্ম পরিকল্পনা মোতাবেক মেরামত যোগ্য কার্যাদি সম্পাদন্নের জন্য ২০২১-২২ অর্থ বছরে =৫,০০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে যা; প্রকৌশল বিভাগের তত্ত্বাবধানে বাস্তবায়ন করা হচ্ছে অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য ২০২১-২২ অর্থ বছরে জানুয়ারী-মার্চ/২০২২ কোয়াটারে ব্যয় হয়েছে =১,২৬,০০০/-টাকা। ব্যয় করা হয়েছে।	অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কমিটি কর্তৃক সকল মেরামত যোগ্য কার্যাদি বাস্তবায়নে Mobile Maintenance Team কর্তৃক নিয়মিত পরিদর্শন এবং মেহেরপুর পৌরসভার ২০২০-২১ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। TLCC অধিকাংশ সদস্য বর্তমানে অবকাঠামো ও স্থাপনা পরিচালনা রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকারি করণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।	নির্বাহী প্রকৌশলী মেহেরপুর পৌরসভা।	
২৬.	স্যানিটেশন কার্যক্রম অব্যহত বিষয়ে আলোচনা।	মেহেরপুর পৌরসভার ২০২১-২২ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ স্যানিটেন ব্যবস্থাপনার এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়েছে। স্যানিটেশন ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ কর্ম-পরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। মেহেরপুর পৌরসভার নিয়মিত স্যানিটেশন কার্য্যক্রম পরিচালনার জন্য ২০২১-২২ অর্থ বছরে ৭,০০,০০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। জানুয়ারী-মার্চ/২০২২ কোয়াটারে ১,৭৯,০০০/-টাকা ব্যয় করা হয়েছে	মেহেরপুর স্যানিটেশন ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। TLCC অধিকাংশ সদস্য বর্তমানে মেহেরপুর পৌরসভার স্যানিটেশন কাজের প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।	সহকারী প্রকৌশলী,মেহেরপুর পৌরসভা।	

আলোচ্যসূচী - ৩ ঃ বিবিধ

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি	মন্তব্য
১	করোনা ভাইরাস (কভিড-১৯) সংক্রমন প্রসংগে আলোচনা।	জনাব মোঃ শাহিনুর নহমান রিটন সদস্য টিএলসিসি সভায় জানান যে, ওমিক্রন ও করোনা ভাইরাস (কভিড-১৯) বর্তমানে বিশ্বের বিভিন্ন দেশে মহামারি আকারে ছড়িয়ে পড়ার সম্ভাবনা রয়েছে। সে আলোকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা ওমিক্রন যাতে মহামারি আকারে ছড়িয়ে না পড়ে সেজন্য প্রতিটি দেশকে সজাগ দৃষ্টি রাখার আহবান জানান। ফলে আমাদের দেশে যাতে ওমিক্রন নামক নতুন ভাইরাস ছড়িয়ে পড়তে না পারে সেজন্য দেশের প্রত্যেকটি নাগরিককে সচেতন থাকতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচান্তে ওমিক্রন ও করোনা ভাইরাস প্রতিরোধ ও মোকাবেলার জন্য মেয়র মহোদয় পৌর কার্যালয়ে প্রবেসের পূর্বে মাস্ক পরিধান এবং সাবান দিয়ে হাত ধৌতকরণ সহ সকলকে আরও সোচ্চার হওয়ার জন্য অনুরোধ করেন।সভায় এ বিষয়ে একাধিক সদস্য সহমত পোষন করে মতামত ব্যক্ত করন।	ওমিক্রন ও করোনা ভাইরাস (কভিড-১৯) প্রতিরোধ ও মোকাবেলার জন্য জনগনকে সচেতন করা , মাস্ক পরিধান ও সামাজিক দুরত্ব বজায় রাখার সরকারী নির্দেশনা মেনে চলা এবং এ বিষয়ে তথ্য সেবা কেন্দ্র থেকে মাইকিং করার বিষয়ে সিদ্ধান্ত হয়।	মেয়র, নির্বাহী প্রকৌশলী, সচিব, স্যানিটারী ইনসপেক্টর, মেহেরপুর পৌরসভা।	
২	মেহেরপুর জেলার ২টি পৌরসভা অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্প বিষয়ক আলোচনা।প্রসংগে।	আলোচনাঃ সভায় সভাপতি জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন, মেয়র, মেহেরপুর পৌরসভা উপস্থিত সকলের অবগতির জন্য বলেন যে, মেহেরপুর জেলার ২টি পৌরসভা অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্পের জন্য প্রস্তুতকৃত ডিপিপিতে অন্তর্ভূক্ত বিসি/ডিবিসি ও আর সিসি রাস্তা এবং আর সিসি ড্রেন (কভার স্লাব সহ) অন্তর্ভূক্ত রয়েছে যার তালিকা হল নিম্নরূপঃ **(ক) বিসি /ডিবিসি রাস্তার তালিকা ঃ-** ১)শৌখিন ষ্টোর হতে ভৈরব নদী বিসি রাস্তার উন্নয়ন কাজ (২) হোটেল বাজার সিরাজের হোটেল হতে যাদবপুর ব্রীজ পর্যন্ত বিসি রাস্তার উন্নয়ন (৩) তারিক হোমিও হল হতে ইসমাইলের বাড়ি পর্যন্ত বিসি করে রাস্তার উন্নয়ন (৪) ভূমি অফিসপাড়া রমজানের বাড়ি হতে মগফোর মাস্টারের বাড়ি পর্যন্ত বিসি করে রাস্তার উন্নয়ন (৫) বড়বাজার ছাতু খানের বাড়ী	সিদ্ধান্তঃ সভায় সর্বসম্মতিক্রমে মেহেরপুর জেলার ২টি পৌরসভা অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্পে আলোচনায় উল্লিখিত ডিপিপি ভুক্ত স্কিমগুলি রাস্তা, ড্রেন (কভার স্লাবসহ) বাস্তবায়নের জন্য প্রকল্পর্ভূক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় আরও সিদ্ধান্ত হয় যে, উক্ত প্রকল্পের সকল প্যাকেজ এবং কাজ ইতিমধ্যে অন্য কোন প্রকল্পে বা অর্থায়নে বাস্তবায়িত হয় নাই এবং আগামীতে অন্য কোন প্রকল্পে অন্তর্ভূক্ত করা হবে না। সভায় আরো সিদ্ধান্ত হয় যে, উক্ত প্রকল্প বাস্তবায়নকালে পৌরসভার অংশগ্রহনের নিমিত্তে কাজের গুনগতমান বাজায় রাখার জন্য নির্দেশনা মোতাবেক নিম্নে উল্লেখিত কমিটি গঠন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হলোঃ	মেয়র, নির্বাহী প্রকৌশলী,	

		হতে বক্কারের বাড়ি পর্যন্ত বিসি করে রাস্তার উন্নয়ন(৬) বড়বাজার মোড় হতে সদর থানা পর্যন্ত বিসি করে রাস্তার উন্নয়ন(৭) পাঞ্জাবের বাড়ী হতে এনামুলের বাড়ি পর্যন্ত রাস্তা উন্নয়ন(৮) থানা ভূমি অফিস হতে ভৈরব নদী পর্যন্ত বিসি করে রাস্তার উন্নয়নকরণ, মেহেরপুর পৌরসভা (৯) বেড়পাড়া কাথুলী রোড হতে হানিফের বাড়ির নিকট রাস্তা উন্নয়ন (১০) ঈদগাহ রোড কলিম এর বাড়ী হতে মিয়াপাড়া মসজিদ পর্যন্ত বিসি করে রাস্তার উন্নয়ন(১১) ফৌদারী পাড়া আলাউদ্দীন মাষ্টারের বাড়ী হতে বিটিসিএল পর্যন্ত বিসিকরন উন্নয়ন (১২) শিল্পকলা মোড় হতে ডি.পি.এইচ.ই মোড় পর্যন্ত বিসি করে রাস্তার উন্নয়ন(১৩) মল্লিকপাড়া রোড হতে মোহাদ্দেসের বাড়ি পর্যন্ত বিসি করে রাস্তার উন্নয়ন।(১৪) মল্লিকপুকুর মোড় হতে কাঁসাড়ী পাড়া সাবেক মেয়রের বাড়ী পর্যন্ত রাস্তার উন্নয়ন(১৫) কালাচাঁদপুর মসজিদ হতে ভৈরব নদি পর্যন্ত বিসি করে রাস্তার উন্নয়ন।(১৬) আলেয়া মাদ্রাসা হতে কোর্ট রোড পর্যন্ত বিসি করে রাস্তার উন্নয়ন।(১৭) তাঁতী পাড়ী রেজাউলের মোড় হতে মাহাতাব খানের বাড়ী ভায়া ইসমাইল প্রফেসর এর বাড়ী পর্যন্ত বিসি করে রাস্তার উন্নয়ন।(১৮) তাঁতী পাড়া এনামুলের দোকান হতে কাছেদ এর বাড়ী ভায়া তাঁতী পাড়া মসজিদ পর্যন্ত বিসি করে রাস্তার উন্নয়ন।(১৯) বাড়ী হতে ভৈরব নদি পর্যন্ত বিসি করে রাস্তার উন্নয়ন, মেহেরপুর পৌরসভা।(২০) পার্সপোর্ট অফিস হতে সামাদের বাড়ী পর্যন্ত বিসি করে রাস্তার উন্নয়ন(২১) কোর্ট রোড মিশন স্কুল হতে আনোয়ার এর দোকান পর্যন্ত বিসি রাস্তার উন্নয়ন। (২২) হোটেল বাজার বাক্কার চেয়ারম্যান এর বাড়ী হতে সাহাবুদ্দিন এর বাড়ী পর্যন্ত বিসি রাস্তার উন্নয়ন **(খ) আরসিসি রাস্তার উন্নয়ন কাজের তালিকা ঃ-** (১)গোলাম রহমানের বাড়ী হতে আল্লা রাখার বাড়ী পর্যন্ত আর সিসি রাস্তা নির্মান।(২) মনা জুয়েলার্স ও নছির বাড়ী হতে ভৈবর নদী পর্যন্ত আর সিসি রাস্তা নির্মান।(৩) সৌখিন স্টোর হতে যাদবপুর সড়ক পর্যন্ত আর সিসি রাস্তা নির্মান।(৪) সঞ্জয় দর্জির বাড়ী হতে মল্লিক পাড়া পুকুর পর্যন্ত আর সিসি রাস্তা নির্মান।(৫) সরকারী উচ্চ বিদ্যালয় মোড় হতে সাজেদুর এর বাড়ী পর্যন্ত আর সিসি রাস্তা নির্মান। (৬) ফুলবাগান পাড়া	**<u>কমিটির সদস্যগনঃ</u>** ১। জনাব মোঃ নুরুল ইসলাম, নির্বাহী পরিচালক, এলাহীদাদ ফাউন্ডেশন, মেহেরপুর - সদস্য ২। জনাব মোছাঃ রেহেনা ইয়াসমিন, অধ্যক্ষ, মেহেরপুর কালেক্টরেট স্কুল, মেহেরপুর - সদস্য ৩। জনাব মোঃ ইউনুস আলী, গোরস্থান পাড়া, ০৯নং ওয়ার্ড, মেহেরপুর - সদস্য ৪। জনাব মোঃ সাঈদুর রহমান, নির্বাহী পরিচালক, রাজধানী মানব উন্নয়ন সংস্থা, মেহেরপর - সদস্য		

		বরকতের বাড়ী হতে কাথুলী সড়ক মতিনের বাড়ী পর্যন্ত আর সিসি রাস্তা নির্মান ।(৭) হালদার পাড়া খোকন ঘোষ এর বাড়ী হতে কসাইখানা রাস্তা পর্যন্ত আরসিসি রাস্তা নির্মান ।(৮) নতুন পাড়া মোড় হতে ওহিদুলের বাড়ি, রশিদের বাড়ি, বকুলের বাড়ি ও আসাদুলের বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা নির্মান ।(৯) নতুন পাড়া (৪নং ওয়ার্ড) মসজিদ হতে সিদ্দিকের বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা নির্মান ।(১০) যাদবপুর রোড আশরাফের বাড়ি হতে হাসিব এর বাড়ি পর্যন্ত আরসিসি রোড নির্মান ।(১১) থানা রোড মেজবাহ এর বাড়ির নিকট আরসিসি রাস্তা নির্মান ।(১২) বোসপাড়া পাড়া মসজিদ হতে খকনের বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা নির্মান ।(১৩) হেলালের ইট ভাটা (পুরাতন) পাড়ায় আরসিসি রাস্তা নির্মান । **(গ) আরসিসি ড্রেণ (কভার স্লাব সহ) উন্নয়ন কাজের তালিকা ঃ-** (১) সৌখিন স্টোর হতে ভৈরব নদী পর্যন্ত আরসিসি ড্রেন নির্মান ।(২) মনা জুয়েলার্স ও নছির বাড়ী হতে ভৈরব নদী পর্যন্ত কভার স্লাব সহ আরসিসি ড্রেন নির্মান ।(৩) সৌখিন স্টোর হতে যাদবপুর রোড পর্যন্ত কভার স্লাব সহ আরসিসি ড্রেন নির্মান ।(৪) ভূমি অফিস পাড়া রমজানের বাড়ী হতে মাগফার মাস্টারের বাড়ী পর্যন্ত কভার স্লাব সহ আরসিসি ড্রেন নির্মান ।(৫) বড়বাজার মোড় হতে জিএন এন্টার প্রাইজ রোড (ভায়া নায়েব বাড়ী মন্দির) পর্যন্ত কভার স্লাব সহ আরসিসি ড্রেন নির্মান ।(৬) নতুন পাড়া রোড হতে ওহিদুলের বাড়ী, রশিদের বাড়ী, আবুলের বাড়ী ও আসাদুলের বাড়ী পর্যন্ত আরসিসি ড্রেন নির্মান ।(৭) ভূমি অফিস হতে ভৈরব নদী পর্যন্ত আরসিসি ড্রেন নির্মান ।(৮) হালদারপাড়া খোকন ঘোষের বাড়ী হতে কসায়খানা সড়ক পর্যন্ত আরসিসি ড্রেন নির্মান ।(৯) সরকারী উচ্চ বিদ্যালয় মোড় হতে সাজেদুলের বাড়ী পর্যন্ত কভার স্লাব সহ আরসিসি ড্রেন নির্মান ।(১০) কালাচাঁদপুর মসজিদ হতে ভৈরব নদী পর্যন্ত আরসিসি ড্রেন নির্মান ।(১১) মল্লিকপাড়া রোড হতে মোহাদ্দেসের বাড়ী পর্যন্ত কভার স্লাব সহ আরসিসি ড্রেন নির্মান । (১২)তারিক হোমিও হল হতে ইসমাইলের বাড়ী পর্যন্ত আরসিসি ড্রেন নির্মান ।(১৩) কোর্ট রোড হতে আলেয়া মাদ্রাসা পর্যন্ত কভার স্লাব সহ আরসিসি ড্রেন নির্মান ।(১৪) গোলাম রহমানের বাড়ী হতে আল্লা রেখার বাড়ী পর্যন্ত				

		কভার স্লাব সহ আরসিসি ড্রেন নির্মান।(১৫) হোটেল বাজার সিরাজের হোটেল হতে যাদবপুর ব্রীজ পর্যন্ত আরসিসি ড্রেন নির্মান।(১৬) নতুন পাড়া মসজিদ হতে সিদ্দিকের বাড়ী পর্যন্ত কভার স্লাব সহ আরসিসি ড্রেন নির্মান।(১৭ঁ) ফুলবাগান পাড়া বরকতের বাড়ী হতে কাথুলী রোড পর্যন্ত কভার স্লাব সহ আরসিসি ড্রেন নির্মান।(১৮) বড়বাজার কুষ্টিয়া ট্রেইলাস হতে মুখার্জীপাড়া মোড় পর্যন্ত আরসিসি কালেকটিং ড্রেন নির্মান।(১৯)যাদবপুর রোড মসজিদের সম্মুখে হতে হাসিব খানের বাড়ীর নিকট ড্রেন নির্মান।(২০) থানা রোড মেজবাহ এর বাড়ীর নিকট আরসিসি ড্রেন নির্মান।(২১) ফৌজদারী পাড়া আলাউদ্দিন মাস্টারের বাড়ী হতে টিএনটি পর্যন্ত আরসিসি ড্রেন নির্মান। সভায় সভাপতি মহোদয় আরও বলেন উক্ত প্রকল্পগুলি পৌরসভা WLCC ও TLCC সভায় আলাপ আলোচনান্তে সকল সদস্য ও পৌরবাসীদের মতামতের ভিত্তিতে বিষয়টি গুরুত্বরোপ করে জনস্বার্থে উক্ত প্রকল্পগুলি নির্বাচন করা হয়েছে। উক্ত প্রকল্পগুলির কোন রাস্তা ড্রেন ইতিমধ্যে অন্য কোন প্রকল্পভূক্ত নাই কিংবা অন্য কোন প্রকল্পে বা অন্য কোন অর্থায়নে কাজ ও ইতিমধ্যে বাস্তবায়ন করা হয়নি আবার আগামীতে উক্ত প্রকল্পের কোন রাস্তা ড্রেন অন্য কোন প্রকল্পে অন্তর্ভূক্ত করা হবে না। সভায় মেয়র মহোদয় আরও বলেন যে, উক্ত প্রকল্প বাস্তবায়নকালে পৌরবাসীর অংশগ্রহণের নিমিত্তে কাজের গুনগতমান বজায় রাখার জন্য WLCC ও TLCC কমিটি সদস্যদের মধ্যথেকে কমপক্ষে ৫ (পাঁচ) জনের একটি কমিটি তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের নির্দেশনা মোতাবেক প্রস্তুত করতে হবে। উক্ত কমিটির সদস্যগন কাজের লেআউট থেকে ১০০% সমাপ্ত হওয়া পর্যন্ত বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে সহায়তা করবেন। সভায় সদস্য নির্বাচন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।			
৩	মেহেরপুর পৌরসভার	জনাব সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পী, কাউন্সিলর, সদস্যসহ সভায় অধিকাংশ	জনস্বার্থে রাস্তার দুই পার্শ্বের ময়লা আবর্জনা নিদিষ্ট	মেয়র ও	

	বিভিন্ন ওয়ার্ডের রাস্তার পাশের ময়লা আর্বজনা ও ড্রেন পরিষ্কার প্রসঙ্গে আলোচনা।	সদস্য , টিএলসিসি সভায় জানান যে, প্রধান সড়কসহ শহরের অলিগলি রাস্তার দুই পার্শ্বে জনসাধারণ বাসা বাড়ীর ময়লা আবর্জনা যত্রতত্রভাবে ফেলে রাখার কারণে দূগন্ধ সহ পথচারীদের চলাচলের বিগ্নের সৃষ্টি হচ্ছে। সে আলোকে উক্ত এলাকার জনসাধারণকে নিদিষ্ট স্থানে ময়লা আবর্জনা ফেলা জন্য সভায় প্রস্তাব রাখেন।	স্থানে ফেলার জন্য পৌর সাউন্ড সিস্টেমের মাধ্যমে প্রত্যেকদিন কমপক্ষে একবার প্রচার করার সিদ্ধান্ত গৃহিত হয়।	কনজারভেন্সী ইন্সপেক্টর	
৪	মেহেরপুর পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের মশক নিখন বিষয়ে আলোচনা।	সভায় জনাব মোঃ নুরুল ইসলাম (স্যার) সহ অনেরক সদস্য বর্তমানে মশার উপদ্রব বৃদ্ধি পেয়েছে উল্লেখ করেন। প্রত্যেকে মশক নিধন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের মতামত ব্যক্ত করেন্ ।	সভায় মশক নিধনের বিষ ক্রয় করে মশক নিধনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।	মেয়র ও কনজারভেন্সী ইন্সপেক্টর	
৫	মেহেরপুর পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের রমজান মাসে পানি সরবরাহ প্রসঙ্গে আলোচনা।	সভায় জনাব মোঃ নুরুল ইসলাম (স্যার) ,জনাব চায়না বেগম সহ অনেক সদস্য মেহেরপুর পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের রমজান মাসে সেহেরীর সময় ইফতারের সময় পানি সরবরাহ যাহাত বিঘ্ন না তার জন্য মেয়র মহোদয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। সভায় বিষয়টি নিয়ে বিসবতারিত আলোচনাি হয়।	মেহেরপুর পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের রমজান মাসে সেহেরীর সময় ইফতারের সময় পানি সরবরাহ যাহাত বিঘ্ন না তার জন্য এবং সেহেরীর সময় পানি সরবরাহ করার জন্য মেয়র মহোদয় নির্বাহী প্রকৌশলীকে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার নির্দেশনা দেন।	মেয়র ও নির্বাহী প্রকৌশলী	

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মাহফুজুর রহমান রিটন
মেয়র
মেহেরপুর পৌরসভা।
মোবাঃ ০১৭১৬-০৩৭৬৩৮
ফ্যাক্স নম্বরঃ ০৭৯১-৬২১৯৯।

স্মারক সংখ্যা/মেপৌ/সাধা/২০২২/ ১৯২ (৫২) তারিখঃ ঃ-২৩/০৩/২০২২ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলঃ

১। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্প
এলজিইডি ভবন,আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
২। জনাব .... সদস্য, TLCC কমিটি, মেহেরপুর পৌরসভা।